অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
ফোন : ০২৩৩৪৪৮৭১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং তারিখ: ২৯।০৫।২০২৪

## নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৩.২০২২-৩৩৯, তারিখ: ২১/০৩/২০২৪ খ্রি: মোতাবেক চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর এর পুরাতন জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ০১ (এক) তলা ছাত্র কমনরুম ও ০১ (এক) তলা ক্যাফেটেরিয়া এবং ০১ (এক)টি দ্বিতল ছাত্র সংসদ ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যাক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| কাজের নাম ও বিবরণ | কাজের অবস্থান | কার্য সম্পাদনের সময়সীমা |
|---|---|---|
| পুরাতন জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ০১ (এক) তলা ছাত্র কমনরুম ও ০১ (এক) তলা ক্যাফেটেরিয়া এবং ০১ (এক)টি দ্বিতল ছাত্র সংসদ ভবন | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর | ৩০(ত্রিশ) দিন |

০১। চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুরের ক্যাম্পাসে বর্ণিত ভবনটি যে অবস্থায় আছে ঠিকাদার/ ফার্মের মালিক তা সরজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।

০২। প্রত্যেক দরপত্র দাতা উদ্ধৃত দরের ১০% সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের আকারে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুরের অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।

০৩। কৃতকার্য ঠিকাদার /ফার্ম কর্তৃক দাখিলকৃত দর কনডেমনেশন কমিটি কর্তৃক গৃহীত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭। (সাত) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য যে কোন তপসীলভূক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুরের এর বরাবর জমা দিতে হবে।

০৪। দরপত্রের সঙ্গে দাখিলকৃত দর/মূল্যের উপর ৭.৫% হারে ভ্যাট, ৩% হারে অগ্রিম আয়করসহ বিধিমোতাবেক অন্যান্য সরকারি কর (প্রযোজ্য ক্ষেত্রে) আলাদাভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর এর বরাবর জমা দিতে হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার/ ফার্মকে ৩০(ত্রিশ) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

০৬। বর্ণিত ভবনটি অপসারণের সময় কলেজের কোন স্থাপনা বা কোন জিনিস পত্রের ক্ষতি সাধন করা যাবে না। কোন রূপ ক্ষতি হলে ঠিকাদার/ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি লাইন আগেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিস্ফোরক ব্যবহার করা যাবে না।

০৭। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো নিলাম দরপত্র গ্রহণ কিংবা বতিল করতে পারবেন।

০৯। নিলামে কৃতকার্য ঠিকাদার /ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১০। ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাত প্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য কলেজ কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।

১১। দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় ঃ ২৯/০৫/২০২৪খ্রি. -০৫/০৬/২০২৪ খ্রি. প্রতিদিন সকাল ১০টা হতে বিকাল ৪.০০ ঘটিকা (সরকারি ছুটির দিন ব্যতীত)

১২। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় ঃ ০৬/০৬/২০২৪ খ্রি: বৃহস্পতিবার : দুপুর ১২.০০টা

১৩। দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় ঃ ০৬/০৬/২০২৪খ্রি: বৃহস্পতিবার:১২.৩০ দুপুর, (দরপত্র দাতাদের কেউ উপস্থিত থাকেন)

১৪। সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান - অধ্যক্ষের কার্যালয় চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

১৫। সিডিউল মূল্য :১০০০(এক হাজার টাকা) অফেরত যোগ্য।

২৯।০৫।২০২৪
(প্রফেসর অসিত বরণ দাশ)
আইডি নং- ৩৯২৮
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
ও
সদস্য সচিব, কনডেমশন কমিটি।
পুরাতন জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ০১ (এক) তলা ছাত্র কমনরুম ও ০১ (এক) তলা ক্যাফেটেরিয়া এবং ০১ (এক)টি দ্বিতল ছাত্র সংসদ ভবন।



প্রফেসর অসিত বরন দাশ
অধ্যক্ষ (৩৯২৮)
চাঁদপুর সরকারি কলেজ,চাঁদপুর।